# জাগোনারী

আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা

# টেন্ডার সিডিউল

বেসরকারি সংস্থা জাগোনারী বাংলাদেশের বিভিন্ন এলাকায় দাতা সংস্থার সহযোগিতায় একাধিক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় বরগুনা ও ভোলা জেলার দুর্যোগ কবলিত জনগোষ্ঠীকে জরুরীভিত্তিতে বিভিন্ন উপকরণ সহায়তা প্রদানের জন্য আগ্রহী সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে।

**ক. সাধারন তথ্যাবলী:**

| | | |
|---|---|---|
| দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ | : | ১২ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. |
| দরপত্র জমা দেয়ার শেষ তারিখ | : | ২২ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. |
| যে ভাবে টেন্ডার সিডিউল, আবেদন ও প্রাইস কোটেশন ফরম সংগ্রহ করতে পারবেন | : | পত্রিকায় দেয়া লিংকে ঢুকে টেন্ডার সিডিউল, আবেদন ফরম ও প্রাইস কোটেশন ফরম সংগ্রহ করা যাবে।<br>এ ছাড়াও জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন (৩য় তলা), কলেজ রোড, বরগুনা থেকেও দরপত্র সংক্রান্ত কাগজপত্র সংগ্রহ করা যাবে। |

**খ. দরদাতা প্রতিষ্ঠানের যোগ্যতা ও দরপত্র জমা দেয়ার পদ্ধতি:**

১. দরদাতা প্রতিষ্ঠানের অবশ্যই সরবরাহকারী'র লাইসেন্স থাকতে হবে;

২. সরবরাহকারী প্রতিষ্ঠানের কমপক্ষে ৫০ লক্ষ টাকা মূল্যের পন্য/মালামাল/উপকরণ সরবরাহ করার সক্ষমতা থাকতে হবে;

৩. দরদাতা প্রতিষ্ঠান লিংকে দেয়া আবেদন ফরম ও প্রাইস কোটেশন ফরম অনুযায়ী প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে আবেদন ও দরপত্র দাখিল করবেন। আবেদনপত্র ও দরপত্রে প্রতিষ্ঠান মালিকের অথবা প্রতিষ্ঠানের বৈধ প্রতিনিধির স্বাক্ষর ও সিল থাকতে হবে;

৪. দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর প্রত্যয়নপত্র এবং জাতীয় পরিচয় পত্রের কপি সংযুক্ত করতে হবে;

৫. দরপত্রের সাথে দরদাতা প্রতিষ্ঠানের নামে ব্যংক হিসাব থাকতে হবে এবং শেষ ০৩ মাসের ব্যাংক স্টেটমেন্ট এর কপি যুক্ত করতে হবে;

৬. দরপত্রের সাথে সরবরাহ কাজে অভিজ্ঞতার প্রমানক হিসেবে প্রত্যয়নপত্র/কার্যাদেশ সংযুক্ত করতে হবে;

৭. সিলযুক্ত খামের মধ্যে দরপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে **আহবায়ক, ক্রয় কমিটি, জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা-** এই ঠিকানায় সরাসরি/ডাকযোগে দরপত্র দাখিল করতে হবে;

৮. কোন প্রতিষ্ঠান সরাসরি দরপত্র জমা দিলে নিজ হাতে টেন্ডার বক্সে দরপত্র ফেলে যাবেন এবং কুরিয়ার সার্ভিস/ডাকযোগে প্রাপ্ত দরপত্র জাগোনারী কর্তৃপক্ষ রেজিস্টারভূক্ত করে টেন্ডার বক্সে ফেলবেন;

৯. জমাদানের তারিখ ও সময় শেষ হলে জাগোনারী'র ক্রয় কমিটি নিয়মানুযায়ী টেন্ডার বক্স খুলবেন এবং দরপত্র মূল্যায়ন করবেন।

**গ. সরবরাহকারী নির্বাচনের পদ্ধতি:**

১. দরদাতা প্রতিষ্ঠানের প্রদত্ত দর, স্যাম্পল চেক, প্রয়োজনীয় কাগজপত্র, প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতাকে সরবরাহকারী প্রতিষ্ঠান নির্বাচনের মানদন্ড হিসেবে পরিগনিত হবে। প্রয়োজনে ক্রয় কমিটি সরেজমিনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শন করবেন;

২. প্রয়োজন অনুযায়ী নির্বাচিত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্রে উল্লেখিত মালামাল ক্রয়ের জন্য চুক্তি সম্পাদন করা হবে, যার মেয়াদ ৩০ জুন ২০২৬ পর্যন্ত বলবৎ থাকবে। উক্ত সময়ের মধ্যে কোন মালামালের দাম অস্বাভাবিক বৃদ্ধি অথবা হ্রাস পেলে উভয় পক্ষের মধ্যে সমঝোতার ভিত্তিতে নতুন মূল্য নির্ধারনের মাধ্যমে মালামাল ক্রয় করা যাবে।

৩. যেসব দরদাতা প্রতিষ্ঠান সরবরাহকারী হিসেবে নির্বাচিত হবেন না সে সব প্রতিষ্ঠানকে লিখিত অথবা ফোনকলের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

JAGONARI জাগোনারী

**ঘ. উপকরন/মালামাল/পন্যসামগ্রী সরবরাহের নিয়ামাবলী:**

১. নিম্বলিখিত বিবরণ অনুযায়ী সরবরাহকারী প্রতিষ্ঠান নিজস্ব খরচ ও ব্যবস্থাপনায় চাহিদেয় উপকরণ/মালামাল/পণ্যসামগ্রী নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পৌছে দিবেন:

| জেলা | উপজেলা | মালামাল সরবরাহের স্থান | | মন্তব্য |
|---|---|---|---|---|
| বরগুনা | ররগুনা সদর | উপজেলা/পৌর শহর | ১৫ প্যাকেজ | প্রতিটি প্যাকেজে ৩০০ থেকে ৩৫০ লোকের ০৩ বেলার জন্য প্রয়োজনীয় খাবার সামগ্রী ও অন্যান্য উপকরণ থাকবে যার পরিমান ও বিস্তারিত বিবরন কার্যাদেশের সাথে সংযুক্ত থাকবে। |
| | পাথরঘাটা | উপজেলা/পৌর শহর | ১০ প্যাকেজ | |
| | তালতলী | উপজেলা/পৌর শহর | ১০ প্যাকেজ | |
| ভোলা | ভোলা সদর | উপজেলা/পৌর শহর | ২০ প্যাকেজ | |

**ঙ. বিল পরিশোধ পদ্ধতি:**

১. নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনকভাবে চাহিদেয় মালামাল/উপকরণ/পন্যসামগ্রী সরবরাহ করার পর ব্যাংক চেক/অনলাইন পদ্ধতিতে বিল পরিশোধ করা হবে;

২. মোট বিলের উপর সরকারি বিধি মোতাবেক ট্যাক্স ও ভ্যাট কর্তন করা হবে।

**চ. আবশ্যকীয় শর্তাবলী:**

১. দাখিলকৃত দরপত্রের বিবরণ ও মূল্য অনুযায়ী নির্বাচিত সরবরাহকারীর সাথে ০১ সেপ্টেম্বর ২০২৫ থেকে ৩০ জুন ২০২৬ মেয়াদে চুক্তি সম্পাদন করা হবে। তবে পরবর্তীতে প্রয়োজন হলে দুই পক্ষের মধ্যে সমঝোতার ভিত্তিতে চুক্তি নবায়ন হতে পারে;

২. **সরবরাহকারী প্রতিষ্ঠানকে কার্যাদেশ/ক্রয় আদেশ প্রদানের ১২ থেকে ২৪ ঘন্টার মধ্যে চাহিদেয় মালামাল প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে বিলম্বে সরবরাহকৃত মালামাল/উপকরণ/পণ্য গ্রহণ করা হবে না;**

৩. দরপত্রের সাথে কাপড়, টর্চ লাইট, ফাস্ট এইড বক্স, চাল এবং ডালের স্যাম্পল পাঠাতে হবে এবং অন্যান্য মালামালের ক্ষেত্রে ব্রান্ডের নাম উল্লেখ করতে হবে। সরবরাহকারী প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর, নির্বাচিত সরবরাহকারী প্রতিষ্ঠান ব্যতিত অন্যান্য দরদাতা প্রতিষ্ঠানের স্যাম্পল ফেরত দেয়া হবে;

৪. কোনরূপ ত্রুটিপূর্ণ মালামাল/উপকরন/পন্যসামগ্রী গ্রহণ করা হবে না;

**ছ. বিশেষ বার্তাসমূহ:**

১. জাগোনারী কোন কারন দর্শানো ব্যতিত উক্ত বিজ্ঞপ্তি/দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে;

২. **জাগোনারী কোন ধরনের নারী, শিশু ও যৌন নির্যাতনকারীকে প্রশ্রয় দেয় না;**

৩. নির্বাচিত সরবরাহকারী প্রতিষ্ঠান অবশ্যই জাগোনারীর সেইফগার্ডিং পলিসি মেনে চলতে বাধ্য থাকবেন। কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনরূফ নারী বা শিশু নির্যাতনের অভিযোগ প্রমানিত হলে জাগোনারী কর্তৃপক্ষ উক্ত কার্যাদেশ বাতিল করতে পারবেন;

৪. কোনরূপ তদবীর/প্রভাবিত করা গ্রহণযোগ্য নয়।

**জ. সংযুক্তি:**

১. সংযুক্তি ০১: আবেদন ফরম

২. সংযুক্তি ০২: প্রাইস কোটেশন ফরম।

দরপত্র সংক্রান্ত কোন অস্পষ্টতা থাকলে প্রয়োজনে ফোন করুন এই নম্বরে: ০১৭১১ ৩২২৩১৪। এ ছাড়া অন্য কোন বিষয়ে আলোচনা বা তদবিরের জন্য ফোন না করার জন্য জোর অনুরোধ জানানো হলো।

মুহাম্মাদ মোস্তাফিজুর রহমান
আহবায়ক, ক্রয় কমিটি
জাগোনারী।